ঈশ্বরদীতে বৃত্তি পরীক্ষার ফল প্রকাশ

বৃত্তি পরীক্ষার ফল প্রকাশ
অনুষ্ঠান

স্টাফ রিপোর্টার, ঈশ্বরদী: মঙ্গলবার দুপুরে ঈশ্বরদীতে ২০১৫ সালে কিন্ডার গার্টেন এ্যাসোসিয়েশন বৃত্তি পরীক্ষায় অংশ গ্রহনকারী শিক্ষার্থীদের বৃত্তি পরীক্ষার ফল প্রকাশ করা হয়েছে।

উপজেলা মহিলা ভইস চেয়ারম্যানের অফিস কক্ষে এ ফল প্রকাশ করা হয়। মহিলা ভইস চেয়ারম্যান ও পাবনা জেলা আওয়ামী লীগের মহিলা সম্পাদিকা মাহজেবিন শিরিন পিয়া আনুষ্ঠানিকভাবে এ ফলাফল প্রকাশ করেন।

ঈশ্বরদী কিন্ডার গার্টেন এ্যাসোসিয়েশনের সভাপতি লুৎফর রহমানের সভাপতিত্বে এসময় উপস্থিত ছিলেন, উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা কানিজ ফাতেমা, উপজেলা কিন্ডার গার্টেন এ্যাসোসিয়েশনের সাধারন সম্পাদক সিরাজুল ইসলাম বাবু, প্রফেসর মালিক মোহাম্মদ সেদ্দাত হোসেন, আনিসুর রহমান, তোফায়েল আহমেদ, বাবুল আক্তার, আব্দুল মকিম, আমেনা আক্তার ও আসকার আলীসহ বিভিন্ন প্রতিষ্ঠানের প্রধানগণ।

উল্লেখ্য, ঈশ্বরদীর ২৬টি কিন্ডার গার্টেন স্কুলের ৪৫০জন শিক্ষার্থী বৃত্তি পরীক্ষায় অংশ নেয়। এর মধ্যে ট্যালেন্টপুলে ৪৬ জন ও সাধারণ গ্রেডে ১০৪ জন বৃত্তি পায় ।